

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৩৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ (বিবাদমান) মানুষদের মধ্যে মীমাংসা (ও সন্ধি) করার গুরুত্ব

## আরবী

وَعَن أُمِّ كُلْثُومِ بِنتِ عُقْبَةَ بِنِ أَبِي مُعَيطٍ رَضِيَ الله عَنهَا قَالَتْ: سمِعتُ رَسُوْلَ الله عَلِيْ يَقُولُ لَيْسَ الكَذَّابُ الَّذِي يُصْلِحُ بَيْنَ النَّاسِ فَيَنْمِي خَيراً أَوْ يَقُولُ خَيْراً مُتَّفَقٌ عَلَيهِ وَفِي رِوَايَةِ مُسلِمٍ زِيَادَة قَالَتْ: وَلَمْ أَسْمَعْهُ يُرْخِّصُ فِي شَيْءٍ مِمَّا يَقُولُهُ النَّاسُ إلاَّ في ثَلاثٍ تَعْنِي: الحَرْبَ وَالإصْلاَحَ بَيْنَ النَّاسِ وَحَدِيثَ الرَّجُلِ امْرَأَتَهُ وَحَدِيثَ المَرْأَةِ زَوْجَهَا

## বাংলা

(৩৪৩৪) উন্মে কুলসুম বিনতে উক্ববাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, ঐ ব্যক্তি মিথ্যাবাদী নয়, যে মানুষের মধ্যে সদ্ভাব স্থাপন করার জন্য (বানিয়ে) ভাল কথা পৌঁছে দেয় অথবা ভাল কথা বলে।

মুসলিমের এক বর্ণনায় বর্ধিত আকারে আছে, উম্মে কুলসুম (রাঃ) বলেন, 'আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কেবলমাত্র তিন অবস্থায় মিথ্যা বলার অনুমতি দিতে শুনেছিঃ যুদ্ধের ব্যাপারে, লোকের মধ্যে আপোস-মীমাংসা করার সময় এবং স্বামী-স্ত্রীর পরস্পরের (প্রেম) আলাপ-আলোচনায়।'

## ফুটনোট

(বুখারী ২৬৯২, মুসলিম ৬৭৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উম্মু কুলসুম বিনতে 'উকবাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন